২০২৬

# বাংলা

(মেজর-IX)

(এন. ই. পি. পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-T-602

[NEP-2020]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) একাঙ্ক নাটক বলতে কী বোঝ?

খ) বাংলায় প্রথম সার্থক ট্র্যাজেডি নাটক কে রচনা করেন? নাটকটির নাম লেখো।

গ) কল্কি অবতার, বেল্লিক বাজার, জামাই বারিক, একেই কি বলে সভ্যতা?—প্রহসনগুলির নাট্যকারের নাম লেখো।

ঘ) পৌরাণিক নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।

ঙ) লেবেডেফ যে রঙ্গমঞ্চটি প্রতিষ্ঠা করেন তার নাম কী? এই রঙ্গমঞ্চটি কবে প্রতিষ্ঠিত হয়?

চ) শ্যামবাজার নাট্যশালা কোথায় প্রতিষ্ঠিত হয়? এখানে অভিনীত প্রথম নাটকটির নাম লেখো।

*[পরের পাতায়]*

ছ) কবে কোন নাটকের অভিনয় দিয়ে ন্যাশনাল থিয়েটার উদ্বোধন হয়?

জ) "মিন্‌সের মুখখান মনে পড়লে আজো মোর পরাণডা ডুকরে ক্যাঁদে ওঠে। মোরে বড়্‌ডি ভালোবাসতো মোরে বাউ দিতি চেয়েলো।"—কে কাকে এই কথাগুলি বলেছিল?

ঝ) শ্যামচাঁদ কারা ব্যবহার করতো? কাদের উপর?

ঞ) 'স্বরপুর বৃকোদর' একথা কে কাকে বলেছেন?

ট) "পোড়া কপাল বিবির পোষাকের—চট পর্‌য়ে থাকি সেও ভালো, তবু য়্যান বিবির পোষাক পরতি না হয়।"—কে কাকে কথাগুলি বলেছিল?

ঠ) অমর সিংহ কে ছিলেন? তাঁর পিতার নাম লেখো।

ড) 'মেবার পতন' নাটকের কটি অঙ্ক? এই নাটকে উল্লিখিত দুটি নারী চরিত্রের নাম লেখো।

ঢ) গোবিন্দসিংহ কে ছিলেন? তাঁর পুত্রের নাম কি ছিল?

ণ) "বীরের রক্তেই জাতিকে উর্ব্বর করে! দুঃখ সে দেশের নয় রাণা, যে দেশের বীর মরে; দুঃখ সেই দেশের, যে দেশের বীর মরে না।"—কে কাকে কথাগুলি বলেছে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) কমেডি-র উৎস কী? কমেডির সঙ্গে প্রহসনের তফাৎ কোথায়? একটি সার্থক কমেডি ও একটি সার্থক প্রহসনের নাম লেখো।

খ) একটি রূপক-সাংকেতিক নাটকের নাম লেখো। এই ধরনের নাটকের বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।



গ) জোড়াসাঁকো নাট্যশালার অভিনয় অনুষ্ঠান সম্পর্কে সংক্ষেপে লেখো।

ঘ) 'নীলদর্পণ' নাটকে ভদ্র চরিত্রের তুলনায় ভদ্রেতর চরিত্রের ভাষা অনেক জীবন্ত—উদাহরণ সহকারে সংক্ষেপে বোঝাও।

ঙ) 'নীলদর্পণ' নাটকে নবীনমাধব চরিত্রের গুরুত্ব সংক্ষেপে লেখো।

চ) 'মেবারপতন' নাটকে মহাবৎ খাঁ চরিত্রটির প্রয়োজনীয়তা কী ছিল সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ঐতিহাসিক নাটকের সংজ্ঞা দাও। যে কোনো একটি বাংলা ঐতিহাসিক নাটক বিশ্লেষণ করে এর বৈশিষ্ট্যগুলি লেখো।

খ) বঙ্গ রঙ্গমঞ্চের ইতিহাসে বেলগাছিয়া নাট্যশালার অবদান আলোচনা করো।

গ) 'নীলদর্পণ' নাটকটিকে কি গণনাট্য বলা যায়? তোমার মতামত জানিয়ে আলেচনা করো।

ঘ) 'মেবারপতন' নাটকে মানসী চরিত্রটিতে বাস্তবতার তুলনায় স্বদেশ-প্রেম ও বিশ্বপ্রেম কিভাবে সংহত হয়েছে দেখাও।